দৈনিক জনকণ্ঠ

তারিখ ... ... OCT. ০২ 1999
পৃষ্ঠা ৮ ... কলাম ৬ ......

24

## ঠাকুরগাঁও সরকারী কলেজে সংঘর্ষ ॥ শিক্ষকসহ আহত ৭

**ঠাকুরগাঁও, ০১ অক্টোবর নিজস্ব সংবাদদাতা** ॥ বৃহস্পতিবার দুপুরে ঠাকুরগাঁও সরকারী কলেজে নবীনবরণ উৎসব শেষ হওয়ার পর আকস্মিকভাবে সংঘর্ষ শুরু হয়। একদল উত্তেজিত ছাত্র ঢাকা কলেজের ছাত্রদলের সহসভাপতি ঠাকুরগাঁও শহরের বাসিন্দা নাজমুল ইসলাম ঋষিকে ধাওয়া করে। তারা ঋষিকে মারপিট করতে থাকলে সে অধ্যক্ষের রুমে আশ্রয় নেয়। সেখানেও তাকে মারপিট করা হয়। এ সময় ৫ শিক্ষক আহত হয়।